

## দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ বিবাহ ও দাম্পত্য রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

সন্তান বেশি হলে মানুষ গরীব হয়ে যায়। এ কথা বলা কি ঠিক?

অবশ্যই ঠিক নয়। কারণ রুযীর মালিক আল্লাহ। কেউ কারো রুযীর দায়িত্ব নিতে পারে না। মহান আল্লাহ বলেন, "এমন বহু জীব জন্তু আছে, যারা নিজেদের রুযী বহন করে না; আল্লাহ্ই ওদেরকে এবং তোমাদেরকে রুযী দান করেন। আর তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞাতা।" (আনকাবূতঃ ৬০)

"দারিদ্র্যের কারণে তোমরা তোমাদের সন্তানদেরকে হত্যা করো না। আমি তোমাদেরকে ও তাঁদেরকে জীবিকা দিয়ে থাকি।" (আনআমঃ ১৫১)

"তোমাদের সন্তানদেরকে তোমরা দারিদ্রের ভয়ে হত্যা করো না, আমি তাঁদেরকে জীবনোপকরণ দিয়ে থাকি এবং তোমাদেরকেও। নিশ্চয় তাঁদেরকে হত্যা করা মহাপাপ।"(বানী ইস্রাঈলঃ ৩১)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=463

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন